

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪২৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ الْمَلَاحِم)

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: يُوشِكُ الْمُسْلِمُونَ أَنْ يُحَاصَرُوا إِلَى الْمَدِينَةِ حَتَّى يَكُونَ أَبْعَدَ مَسَالِحِهِمْ سَلَاحٌ وَسَلَاحٌ: قَرِيبٌ مِنْ خَيْبَرَ. رَوَاهُ أَبُو دَاؤُد

حسن ، رواه ابوداؤد (4250) [و الحاكم (4 / 511 ح 8560) و صححه على شرط مسلم و وافقه الذهبي و سنده حسن] ـ (صَحِيح)

বাংলা

৫৪২৭-[১৮] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, অদূর ভবিষ্যতে মুসলিমগণ মদীনায় ঘেরাও হবে এবং তাদের দূর প্রান্তসীমা হবে সালাহ পর্যন্ত। আর 'সালাহ' হলো খায়বারের নিকটবর্তী একটি জায়গার নাম। (আবূ দাউদ)

ফটনোট

সহীহ: আবূ দাউদ ৪২৫০, সহীহুল জামি' ৮১৮১, সহীহ ইবনু হিব্বান ৬৭৭১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৬৯২, আল মু'জামুল আওসাত্ব ৬৪৩২, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যা : অত্র হাদীসে মদীনাহ্ বলতে মদীনাতুন্ নবী (সা.) উদ্দেশ্য। শক্র কর্তৃক মুসলিমগণ সেখানে বন্দি হয়ে পড়বে অথবা মুসলিমগণ কাফিরদের থেকে পালিয়ে যাবে এবং মদীনাহ্ ও সালাহ-এর মধ্যবর্তী স্থানে একত্রিত



হবে। অথবা কিছুসংখ্যক মুসলিম মদীনার দুর্গে প্রবেশ করবে এবং কিছুসংখ্যক মুসলিম মদীনার চতুর্দিকে পাহারা বসাবে। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন